



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
নগরভবন, ঢাকা।

শেখ হাসিনা'র মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-৭৮৭

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
১১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

৩০.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফল এবং এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তের আলোকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরিবিধিমালা, ২০১৯ এর বিধি ৪ ও ৬ অনুযায়ী জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর বেতনক্রম ২২০০০-৫৩০৬০/- (হ্রেড-৯) টাকা এবং অন্যান্য আনুষঙ্গিক ভাতাদিসহ নিম্নোক্ত ব্যক্তিগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে 'উপকর কর্মকর্তা' পদে নিয়োগ প্রদান করা হলো :

ক্র. নং	প্রার্থীর নাম ও পিতার নাম	বর্তমান ঠিকানা
১	জনাব মো. সাইফুল ইসলাম পিতাঃ মো. সেলিম ভূঁইয়া	২০৪/১/ই/১, লালবাগ রোড, পোস্তা টিএসও লালবাগ, ঢাকা-১২১১
২	মুন্সী গিয়াস উদ্দিন পিতা: মোহাম্মদ মুন্সী	বাড়ি নং- ৩২৪, পুরাতন বি-১, ডিএমসি স্টাফ কোয়ার্টার, এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫
৩	সৈয়দ সাদমান সাকিব সাফল্য পিতা: সৈয়দ হুমায়ুন কবীর	বাড়ি নং-২৯/২, রোড নং-৬, পূর্ব নন্দিপাড়া, খিলগাঁও, ঢাকা-১২১৯
৪	জনাব মো. কাউছার আহমেদ সজল পিতা: আবুল কাশেম	বাড়ি নং-০২, রোড নং-০৪, সেকশন-১৪, ব্লক-বি (মিরপুর টিনশেড কলোনী), ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬
৫	সৈয়দ তানভীন হাসান পিতা: সৈয়দ মাহাবুব হাসান	৬৫/৬৬ সিদ্দেগুরী রোড, র্যাংগস হাফিজ টাওয়ার, ফ্ল্যাট নং-বি-৬, শান্তিনগর, ঢাকা-১২১৭
৬	জনাব শফিকুল ইসলাম শাওন পিতার নাম: বি. এম. সিরাজুল ইসলাম	১৪২ দক্ষিণ মুগদা, বাসাবো, ঢাকা-১২১৪
৭	জনাব মো. তাসিম হাসান বাঁধন পিতা: মীর হোসেন মীর	২৪/৩ পূর্ব জুরাইন, ১ নং রোড কদমতলী, গেভারিয়া, ঢাকা-১২০৪
৮	জনাব সাদিয়া সারওয়ার আলী সূচনা পিতা: মো. সারওয়ার	১৬ হ্রি স্কুল স্ট্রিট, কাঁঠালবাগান, নিউমার্কেট, ঢাকা-১২০৫
৯	জনাব রফিকুল ইসলাম পিতা: পিয়ার মিয়া	কালিপুর, মধ্যপাড়া, ভৈরব, কিশোরগঞ্জ- ২৩৫০

২। শর্তাবলী:

- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (১) (ক) উপবিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ০২ (দুই) বছর শিক্ষানবিস থাকবেন। তবে প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ একই বিধিমালার ৬ (১) (খ) শর্তমতে কোনো কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে;
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (৩) (ক) উপবিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা শিক্ষানবিসকাল সম্ভোষজনভাবে উত্তীর্ণ হলে উপবিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাকে চাকুরিতে স্থায়ী করা হবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরিতে যোগদানের তারিখ হতে স্থায়ী হবেন;
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (৩) (খ) (অ) উপবিধি অনুযায়ী শিক্ষানবিস সময়ের জন্য আচরণ ও কর্ম সম্ভোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরি থেকে অব্যাহতি প্রদান করতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে যোগদান কালে যথাযথ কর্তৃপক্ষ (সিভিল সার্জন) কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে;
- অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৪ (২) (খ) উপবিধি অনুযায়ী যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদন করা হবে। বিরূপ কোনো মন্তব্য পাওয়া গেলে এ অস্থায়ী নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

- (জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়ালস্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
- (ঝ) উপর্যুক্ত শর্তে নিয়োগকৃত পদে যোগদানে ইচ্ছুক প্রার্থীগণকে আগামী ২৮.১১.২০২১ তারিখ সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর যোগদান করতে হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফোন : ০২-২২৩৩৮৩৫০৭

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-৭৮৭ (৩৫)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
১১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান রাজস্ব কর্মকর্তা, চাদসিক।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, চাদসিক।
- ৩। মেয়রের একান্ত সচিব, চাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা স্টাফ অফিসার, চাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, চাদসিক (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৬। সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, কর্পোরেট শাখা, নগর ভবন, ঢাকা।
- ৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, চাদসিক।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা (বেতন), চাদসিক।
- ৯। জনাব . . . . .
- ১০। শাখা সহকারী, সংস্থাপন শাখা-২ ও ৩, চাদসিক।
- ১১। ব্যক্তিগত নথি ৯ (নয়) কপি।
- ১২। অফিস আদেশ বহি।
- ১৩। অফিস কপি (নথি নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১, তারিখ: ১৮.০১.২০২১)।



১১.১১.২০২১

(কামাল হোসেন)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।